

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
(জনসংখ্যা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

- বিষয় : পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠ পর্যায়ের সার্বিক কার্যক্রমের উপর ০৫/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।
- সভাপতি : জনাব জাহিদ মালেক এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- তারিখ ও সময় : ০৫/০২/২০১৯, দুপুর ২.৩০ টা।
- স্থান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং- ৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠ পর্যায়ের সার্বিক কার্যক্রমের উপর এক মতবিনিময় সভা ০৫/০২/২০১৯ তারিখ জনাব জাহিদ মালেক, এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন জেলা ও বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাসহ পরিবার পরিকল্পনা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন (উপস্থিতির তালিকা- পরিশিষ্ট 'ক')।

২. আলোচনা:

- ২.১ সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে এ সভার প্রেক্ষাপট তুলে ধরেন। তারপর তিনি মাননীয় মন্ত্রীকে দিক নির্দেশনামূলক সূচনা বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করেন। মাননীয় মন্ত্রী মাঠ পর্যায়ের পরিবার পরিকল্পনা সেবা প্রদান সংক্রান্ত দিক নির্দেশনামূলক সূচনা বক্তব্য প্রদান করেন।
- ২.২ মাননীয় মন্ত্রী তাঁর দিক নির্দেশনামূলক বক্তব্যের শুরুতে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জন, সরকারের নির্বাচনী ইস্তেহার এবং মন্ত্রণালয়ের ১০০ দিনের কর্মপরিকল্পনাসহ মধ্যম ও দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নে পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি এসডিজি অর্জনের লক্ষ্যে সেবা প্রদানের পদ্ধতি ও মানসিকতা পরিবর্তনের উপর জোর দেন। মাতৃ মৃত্যু অনুপাত বর্তমানের ১৭২ থেকে ৭০ এর নিচে নামিয়ে আনার বড় চ্যালেঞ্জ মোকাবেলায় গুণগত মানসম্মত সেবা প্রদানসহ অন্যান্য কার্যক্রম সক্রিয়ভাবে পরিচালনার উপর তিনি জোর দেন। তিনি এ প্রসঙ্গে প্রাতিষ্ঠানিক ডেলিভারীর হারের ক্ষেত্রে আমাদের প্রতিবেশী দেশসমূহের তুলনায় বাংলাদেশ পিছিয়ে আছে উল্লেখ করে মাতৃমৃত্যু রোধে প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধির উপর জোর দেন। এছাড়া তিনি মা ও শিশুর পুষ্টি সেবার মান উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন। বাল্যবিবাহ প্রসঙ্গে তিনি বলেন যে একজন শিশু কোনোভাবেই তার শরীরে আরেকটি শিশুকে বহন করতে পারে না। মাননীয় মন্ত্রী বাল্যবিবাহ রোধে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান। পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারের ক্ষেত্রে অপূর্ণ চাহিদার হার এখনও বেশী আছে উল্লেখ করে তা নিয়ন্ত্রণের মধ্যে আনার জন্য তিনি নির্দেশনা দেন। দেশে C-section বা সিজারিয়ান ডেলিভারীর সংখ্যা বৃদ্ধি পড়ছে উল্লেখ করে অপ্রয়োজনে সিজারিয়ান ডেলিভারীর সংখ্যা নিয়ন্ত্রণের উপায়/পদ্ধতি খুঁজে বের করার জন্য তিনি নির্দেশনা দেন। মাতৃমৃত্যু রোধে মিডওয়াইফদের সেবা সহায়তা নেয়ার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। তিনি স্বাস্থ্য সেक्टरের সকলক্ষেত্রে সুশাসন নিশ্চিতের জন্য সকলকে নির্দেশনা দেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ক্যাডার, নন ক্যাডার ও চিকিৎসকগণের মধ্যেকার চাকুরীগত

দ্বন্দ্ব নিরসনের উপর গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে সমঝোতার মাধ্যমে সমস্যা সমাধানে এগিয়ে আসতে মাননীয় মন্ত্রী সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।

- ২.৩ মাননীয় মন্ত্রী গ্রামেগঞ্জে/জেলায় দীর্ঘ দিনের অভিজ্ঞতা সম্পন্ন দাইগুণকে সময়োপযোগী প্রশিক্ষণ দেয়া প্রয়োজন মর্মে উল্লেখ করে এ সংক্রান্ত ডাটাবেজ তৈরির জন্য নির্দেশনা দেন। প্রতিটি স্বাস্থ্য সেবা কেন্দ্রের নির্মাণ, মেরামত ও সংস্কার কাজ যেন মানসম্মতভাবে সম্পন্ন করা হয় তা নিশ্চিতের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেন। স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহে চিকিৎসকসহ অন্যান্য স্বাস্থ্যকর্মীর নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য তিনি নির্দেশনা দেন। তিনি আরও বলেন যে, বিভিন্ন ক্যাটাগরীর স্বাস্থ্য সেবা কেন্দ্রে ডেলিভারী করার সংখ্যাভিত্তিক টার্গেট দিতে হবে। যারা ভাল কাজ করবে তাঁদেরকে প্রণোদনা দিতে হবে। ভয়েস কল ও এসএমএস এর মাধ্যমে গর্ভবতী মায়েদের সেবা প্রদানের কার্যক্রম সারাদেশে ছড়িয়ে দিতে মাননীয় মন্ত্রী নির্দেশনা দেন। গাজীপুর জেলার কাপাসিয়ায় গর্ভবতী মায়েদের সেবা প্রদান করার জন্য Card ব্যবহার করা হচ্ছে উল্লেখ করে তিনি উক্ত Card এর মাধ্যমে কার্ড ব্যবহারকারীকে প্রণোদনামূলক কিছু সুবিধা (যেমন, স্বাস্থ্য কেন্দ্রে আসা যাওয়ার খরচ, খাওয়ার খরচ, ইত্যাদি) দেয়া যায় কিনা তা ভেবে দেখতে সংশ্লিষ্টদের কে পরামর্শ দেন। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপ-পরিচালকগণকে তাঁদের কর্মকাণ্ডে আরও সক্রিয় হওয়ার জন্য এবং মাঠকর্মীদের বাড়ী বাড়ী পরিদর্শনের কার্যক্রম আরও জোরদার করার জন্য তিনি নির্দেশনা দেন। তিনি প্রতিটি সেবা কেন্দ্রে মাঠকর্মীদের নিয়মিত উপস্থিতি, যন্ত্রপাতির সঠিক ব্যবহার এবং প্রয়োজনীয় ঔষধ/সেবা সামগ্রীর প্রাপ্যতা নিশ্চিত করার লক্ষ্যে সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য বিভাগীয় পরিচালক ও উপ-পরিচালকগণকে নির্দেশনা দেন।
- ২.৪ মাননীয় মন্ত্রীর অনুমতিক্রমে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কার্যক্রম বিষয়ে একটি উপস্থাপনা প্রদান করেন ডা. কাজী মোস্তফা সারোয়ার, মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর। উক্ত উপস্থাপনায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কার্যক্রমের বর্তমান অবস্থা, সফলতা/অর্জন, বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জসমূহ এবং উত্তরণের উপায়/করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।
- ২.৫ আলোচনায় অংশ নিয়ে অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) সেবা কেন্দ্রের নির্মাণ/মেরামত কাজ নিয়ন্ত্রণেরহাছে উল্লেখ করে সকল কেন্দ্রের গুণগতমানসম্পন্ন নির্মাণ/মেরামত নিশ্চিতের উপর গুরুত্বারোপ করেন। নারায়ণগঞ্জ জেলার উপ-পরিচালক সেবা কেন্দ্রসমূহ নির্মাণে গুণগতমান বজায় রাখার উপর জোর দিয়ে সেবা কেন্দ্রসমূহের শ্রেণীবিন্যাস হালনাগাদ করার অনুরোধ জানান। চাঁদপুর জেলার উপ-পরিচালক উল্লেখ করেন যে, সকল সেবা কেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা প্রয়োজন। পরিবার পরিকল্পনা সেবার চাহিদা সম্প্রসারণের উপর সুনামগঞ্জ জেলার উপ-পরিচালক জোর দেন। তিনি পদোন্নতিজনিত সমস্যা নিরসনে চলমান মামলাজনিত প্রতিবন্ধকতা দূর করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। রোহিঙ্গা জনগোষ্ঠীকে পরিবার পরিকল্পনা সেবা প্রদানের লক্ষ্যে অতিরিক্ত Paid Peer volunteer নিয়োজিত করা প্রয়োজন মর্মে কক্সবাজার জেলার উপ-পরিচালক অভিমত দেন।
- ২.৬ মাননীয় প্রতিমন্ত্রী ডাঃ মুরাদ হাসান, এমপি আলোচনায় অংশ নিয়ে প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধিকল্পে কার্যকর উদ্যোগগুলোসহ পরিবার পরিকল্পনার সকল ধরনের সেবা কার্যক্রম আরও জোরদার ও গতিশীল করার জন্য মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে নিরলসভাবে ও আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। তিনি পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম নিয়মিত মনিটরিং ও সুপারভিশন করার উপর গুরুত্বারোপ করে সংশ্লিষ্ট সকলকে এ ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার আহ্বান জানান।

৩. সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ৩.১ পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়ে এবং মাঠ পর্যায়ে মনিটরিং সেল গঠন করতে হবে। মনিটরিং সেলে প্রেরিত ও সংগৃহিত তথ্যের ভিত্তিতে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী: (১) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(২) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

- ৩.২ ভয়েস কল ও SMS- এর মাধ্যমে গর্ভবতী মায়ীদের সেবা প্রদানে চলমান উদ্ভাবনী উদ্যোগটি আগামী জুন'১৯ মাসের মধ্যে সারাদেশে একযোগে চালু করতে হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সংশ্লিষ্ট অপারেশন প্ল্যান এর মাধ্যমে এ সংক্রান্ত আর্থিক ব্যয়নির্বাহ করা হবে।

বাস্তবায়নকারী: মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

- ৩.৩ যে সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ সেবা প্রদানের ব্যবস্থা আছে, সে সকল কেন্দ্রে প্রতিমাসে কমপক্ষে ১০টি ডেলিভারী সম্পন্ন করতে হবে। বিভাগীয় পরিচালক এবং উপ-পরিচালকগণ এ বিষয়টি নিশ্চিত করবেন। বিভাগীয় পরিচালক, উপ-পরিচালক এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণ প্রতি মাসের মাসিক সভায় এ বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করবেন।

বাস্তবায়নকারী: (১) বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা

(২) উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়

(৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

- ৩.৪ মাঠ পর্যায়ে অবস্থিত প্রত্যেকটি সেবা কেন্দ্র প্রতিমাসে কমপক্ষে ১বার করে পরিদর্শন নিশ্চিত করতে হবে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রতিমাসে কমপক্ষে ১০ (দশ)টি সেবা কেন্দ্র পরিদর্শন করে সেবার মান, ঔষধ সামগ্রির অবস্থা, জনবলের উপস্থিতি, অবকাঠামো সংস্কার/মেরামতের বিষয়ে তথ্যাদি উল্লেখ করে প্রতিবেদন জেলায় কর্মরত উপ-পরিচালকের নিকট প্রেরণ করবেন। উপ-পরিচালকগণ মাসিক টার্গেট অনুযায়ী সেবা কেন্দ্রসমূহ পরিদর্শন করবেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তর এতদসংক্রান্ত নির্দেশনা জারী করবে। বিভাগীয় পরিচালকগণ উপ-পরিচালক এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণের মাসিক পরিদর্শন নিশ্চিত করবেন।

বাস্তবায়নকারী: (১) বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা

(২) উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়

(৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

- ৩.৫ C-section বা সিজারিয়ান ডেলিভারীর সংখ্যা হ্রাসকরণে কী কী ব্যবস্থা নেয়া যায় তা নির্ধারণ করে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এ বিষয়ে বেসরকারি হাসপাতাল/ক্লিনিকসহ সংশ্লিষ্ট সকল স্বাস্থ্য কেন্দ্রের কর্তৃপক্ষের সাথে মতবিনিময় করে সিজারিয়ান ডেলিভারীর হার যুক্তিসঙ্গত ভাবে কমানোর ক্ষেত্রে সার্বিক ব্যবস্থা নিতে হবে। সরকারি/বেসরকারি হাসপাতাল/ক্লিনিক ঘিরে গড়ে ওঠা দালাল চক্রের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী: (১) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

(২) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

৩.৬ জরাজীর্ণ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ (UH & FWC) দ্রুত মেরামত/সংস্কার নিশ্চিত করতে হবে। সঠিকভাবে মেরামত/সংস্কার হচ্ছে কিনা তা উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় নিশ্চিত করবেন। নির্মাণ/সংস্কার কাজে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে তঁরা তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবিলম্বে অবহিত করবেন। তাঁদের প্রত্যয়ন ছাড়া বিল পরিশোধ করা যাবে না। মেরামত/সংস্কার কার্যক্রমে অনিয়ম প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

বাস্তবায়নকারী: (১) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
(২) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
(৩) উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
(৪) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

৩.৭ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ক্যাডার, নন-ক্যাডার এবং চিকিৎসকদের মাঝে চাকুরিগত দ্বন্দ্ব নিরসনে এ সংক্রান্ত চলমান মামলা দ্রুত সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির উদ্যোগ নেয়া যেতে পারে।

বাস্তবায়নকারী: মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ

৩.৮ প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধিকল্পে সেবা কেন্দ্রসমূহে মাঠ কর্মীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। প্রয়োজনীয় পরিবার পরিকল্পনা সামগ্রী ও ঔষধের সরবরাহ নিশ্চিত করতে হবে। যে কোনো ধরনের অনিয়ম নজরে আসার সংশ্লিষ্ট সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালকগণ তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

বাস্তবায়নকারী: (১) বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা
(২) উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
(৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

৩.৯ প্রত্যেক ইউনিয়নে প্রসবকাজে সহায়তাকারী দাইদের (প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন) তালিকা প্রণয়ন করতে হবে। এ সংক্রান্ত ডাটাবেজ তৈরী করতে হবে। যে সকল দাই ডেলিভারী সেবা বিষয়ক প্রশিক্ষণ পাননি তাঁদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।

বাস্তবায়নকারী: (১) বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা
(২) উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
(৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

৩.১০ গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলায় গর্ভবতী মায়েদেরকে সেবা প্রদানের আওতায় তাদেরকে যে কার্ড দেয়া হচ্ছে সে কার্ডের মাধ্যমে কার্ড ব্যবহারকারীকে কিছু প্রণোদনামূলক সুবিধাদি প্রদানের ব্যবস্থা করা যায় কিনা এ বিষয়ে একটি সুনির্দিষ্ট প্রস্তাবনা পরিবার পরিকল্পনা অধিদপ্তর আগামী ১৫ কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে।

বাস্তবায়নকারী: মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

৩.১১ মা ও শিশুর পুষ্টি সেবার মানবৃদ্ধিতে চলমান কার্যক্রম জোরদার করতে হবে।

বাস্তবায়নকারী: মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

৩.১২ বাল্যবিবাহ রোধে সচেতনতামূলক ও উদ্বুদ্ধমূলক কার্যক্রম জোরদার করতে হবে।

বাস্তবায়নকারী: মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

Ans.

৩.১৩ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের (UH&FWC) সংলগ্ন সরকারি আবাসনে FWV ও SACMOদের অবস্থান/বসবাস নিশ্চিত করতে হবে। এ সকল আবাসন অবকাঠামো মেরামত/সংস্কারের প্রয়োজন হলে তা দ্রুত সময়ে সঠিকভাবে সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নকারী: (১) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
(২) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

৩.১৪ মাঠ পর্যায়ের সেবা কেন্দ্রসমূহের শ্রেণীবিন্যাস/ক্যাটাগরি হালনাগাদ করতে হবে।

বাস্তবায়নকারী: মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

৩.১৫ বলপূর্বক বাস্তবায়িত মিয়ানমারের নাগরিকদের পরিবার পরিকল্পনা সেবা প্রদান কার্যক্রম আরও জোরদার করার জন্য অতিরিক্ত Paid Peer Volunteer নিয়োজিত করতে হবে। এ ক্ষেত্রে দাতা সংস্থাসমূহের প্রয়োজনীয় সহায়তা নেয়া যেতে পারে।

বাস্তবায়নকারী: মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

৩.১৬ জন্মনিয়ন্ত্রণের স্থায়ী পদ্ধতি ব্যবহারকারীর সংখ্যা/হার বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/মাঠ কর্মীকে টার্গেট নির্ধারণ করে দিতে হবে এবং তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নকারী: মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

৩.১৭ কার্যকর সমন্বয়ের মাধ্যমে কমিউনিটি ক্লিনিকগুলোতে পরিবার পরিকল্পনা সংক্রান্ত সেবা প্রদান করতে হবে।

বাস্তবায়নকারী: পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সংশ্লিষ্ট ইউনিট ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ

৪. সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ২৮/০২/২০১৯

(জাহিদ মালেক এমপি)

মন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং-৫৯.০০.০০০০.১১৪.০৬.০০৫.১৯-১৫

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৫
৪ মার্চ ২০১৯


বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/জনসংখ্যা, পক ও আইন/চিকিৎসা শিক্ষা/উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
৪. ব্যবস্থাপনা পরিচালক, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা
৫. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিবিল, ঢাকা
৬. যুগ্ম-সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭. পরিচালক/লাইন ডিরেক্টর (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা
৮. পরিচালক (সকল), বিভাগীয় কার্যালয়, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৯. উপসচিব (সকল)/উপপ্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. তত্ত্বাবধায়ক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এমসিএইচটিআই), আজিমপুর, ঢাকা
১১. পরিচালক, মোহাম্মদপুর ফাটিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার, মোহাম্মদপুর, ঢাকা
১২. অতিরিক্ত পরিচালক, ডাগস এন্ড ষ্টোরস, কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা
১৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পিডব্লিউডি, ঢাকা
১৪. প্রকল্প পরিচালক, এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর, ঢাকা
১৫. উপপরিচালক (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
১৬. সহকারী সচিব (জনসংখ্যা-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে:-

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে কার্যবিবরণীটি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


 ০৪/০৬/২০১৯
 (এস, এম, আহসানুল আজিজ)
 উপসচিব (জনসংখ্যা-১)
 টেলিফোন : ৯৫৪৬০৪৬

ই-মেইল; population1@mefwd.gov.bd